“তোমরা কেউ রমাযানের একদিন কিংবা দু’দিন আগে হতে সাওম শুরু করবে না। তবে কেউ যদি এ সময় সিয়াম পালনে অভ্যস্ত থাকে তাহলে সে সেদিন সাওম পালন করতে পারবে”।

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা কেউ রমাযানের একদিন কিংবা দু’দিন আগে হতে সাওম
শুরু করবে না। তবে কেউ যদি এ সময় সিয়াম পালনে অভ্যস্ত থাকে তাহলে সে সেদিন সাওম পালন করতে পারবে”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

রমযানের সতর্কতা অবলম্বনের উদ্দেশ্যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন মুসলিমকে রমযানের এক বা দুই দিন আগে সিয়াম রাখতে নিষেধ করেছেন। কারণ চাঁদ দেখার উপর রমযানের সিয়াম রাখার বাধ্যবাধকতা সম্পৃক্ত; কাজেই কোন কষ্ট করার প্রয়োজন নেই, তবে যে ব্যক্তি অভ্যাসগত কোন সিয়াম রাখে, যেমন একদিন সিয়াম রাখে এবং তার পরের দিন সিয়াম রাখে না। অথবা সোমবার অথবা বৃহস্পতিবার সিয়াম রাখে এবং সে দিনটি তখন এসে গেল, তাহলে সে সিয়াম পালন করবে। এটি রমযানকে স্বাগত জানানোর অংশ নয় এবং এর সাথে যুক্ত হবে যা ওয়াজিব সিয়াম, যেমন কাযা ও মান্নতের সিয়াম।

http://sunnah.global/hadeeth/bn/show/4508